তারিখ ...29 FEB 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

যুগান্তর

# বিএসএমএমইউতে অসন্তোষ

## ৩ দিনের তদন্ত প্রতিবেদন ১৫ দিনেও দেয়া হয়নি

যুগান্তর রিপোর্ট

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) অ্যানেসথেসিয়া বিভাগে চিকিৎসকদের মধ্যে ফের অসন্তোষের সৃষ্টি হয়েছে। ১৩ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের দুটি বিভাগের চিকিৎসকদের মধ্যে হাতাহাতির জের ধরে এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সে সময় ৫ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করে ৩ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়। কিন্তু ১৫ দিন অতিবাহিত হলেও তদন্ত কমিটি রিপোর্ট না দেয়ায় এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসন থেকে কোনো ব্যবস্থা গ্রহণ না করায় এ অসন্তোষ দেখা দিয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, এতদিনেও ওই ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার না হওয়ায় অ্যানেসথেসিয়া বিভাগের চিকিৎসকরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি ক্ষুব্ধ। শুধু রোগীদের ভোগান্তির দিকে তাকিয়ে তারা কঠোর কোনো কর্মসূচি দিচ্ছেন না। তবে দ্রুত এ ঘটনার সুরাহা না হলে প্রশাসনকে চাপে রাখতে যে কোনো ধরনের কর্মসূচি দিতে পারেন তারা। নাম প্রকাশে অনিচ্ছুক একজন চিকিৎসক বলেন, এ বিভাগের সব চিকিৎসকের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। এ নিয়ে রোববার সকালে একটি জরুরি সভাও করা হয়। কিন্তু বিশ্ববিদ্যালয় ও রোগীদের স্বার্থে তারা কঠিন কোনো কর্মসূচি দিচ্ছেন না।

এ প্রসেঙ্গ বিএসএমএমইউর অ্যানেসথেসিয়া এনালজেসিয়া অ্যান্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বণিক যুগান্তরকে বলেন, ৩ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের কথা ছিল। কিন্তু ১৫ দিন অতিবাহিত হলেও তদন্ত প্রতিবেদন দাখিল বা অভিযুক্তদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। ফলে বিভাগের চিকিৎসকরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। অধ্যাপক দেবব্রত অভিযুক্তদের প্রতি ইঙ্গিত করে বলেন, যারা হাসপাতালে মারামারি করে তারা রোগীদের সঙ্গেও খারাপ ব্যবহার করে।

এতদিনেও কেন ব্যবস্থা গ্রহণ করা হয়নি জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ বলেন, বিষয়টি আমলাতান্ত্রিক। তদন্তে অভিযুক্তরা দোষী সাব্যস্ত হলেও এখনও তদন্ত প্রতিবেদন প্রশাসনের হাতে দেয়নি তদন্ত কমিটি। অধ্যাপক শারফুদ্দিন বলেন, তদন্ত কমিটিকে ৩ দিনের সময় দেয়া হয়েছিল। পরে তারা আরও দু'দিন সময় নেয়।